সংগীতের উদ্ভব ও বিকাশ ঘটেছে দেশীয় ভূমিপুত্রদের হাত ধরে। শাস্ত্রীয়সংগীতের ক্রমোন্নয়ন ঘটেছিল মুসলমান কলাবন্তদের আন্তরিক প্রচেষ্টায়। কিন্তু বাংলাগানের উন্মেষ ঘটলো সহজিয়া বৌদ্ধ ধর্মাবলম্বীদের সাংকেতিক সাধন পদ্ধতি, চর্যাপদ বা চর্যাগীতির মাধ্যমে। দশম থেকে দ্বাদশ শতাব্দীর মধ্যে চর্যাপদ রচিত হয়েছিল বলে অনুমান করা হয়। এরপর প্রায় পাঁচশ বছর ধরে বাংলাগান পরিণত হতে শুরু করে। বারো শ খ্রীষ্টাব্দ থেকে সতেরো শ খ্রীষ্টাব্দ পর্যন্ত পাঁচশো বছরে চর্যাগীতির সঙ্গে সংযোজিত হল শ্রীকৃষ্ণকীর্তন গীতি, মঙ্গলগীতি এবং রাধাকৃষ্ণ বিষয়ক কীর্তন। পরবর্তী দুশো বছরে সংখ্যায় বৈচিত্র্যে স্বতন্ত্র বৈশিষ্ট্যে বেশ কয়েক প্রকার ব্যক্তিসৃষ্ট বাংলা গান তৈরি হল (কবিগান, টপ্পা প্রভৃতি)। বাংলা গান মূলত কাব্যপ্রধান। এই গানে বাণীর মর্যাদা বিশেষভাবে স্বীকৃত। কথা ও সুরের মধ্যে সমন্বয় সাধনই বাংলা গানের অন্যতম লক্ষ্য। বাংলা গানে কথা ও সুর নিজ নিজ স্বাতন্ত্র্যে উজ্জ্বল। বাণী ও সুরের মেল বন্ধন সপ্তদশ শতক থেকে শুরু হলেও পরিণতি লাভ করল রবীন্দ্রনাথের গানে এসে; অসামান্য নৈপুণ্যে, প্রচলিত প্রায় সব ধরনের সঙ্গীতসহ বিদেশী সঙ্গীতকেও আত্মস্থ করে। নিজস্ব আঙ্গিক ও শৈলীতে সৃষ্টি হল অসংখ্য মৌলিক বাংলা গান। শ্রীকৃষ্ণকীর্তন গীতি, মঙ্গলগীতি, পাঁচালী গান, টপ্পা, আখড়াই, রবীন্দ্রনাথ ঠাকুর, দ্বিজেন্দ্রলাল রায়, অতুলপ্রসাদ সেন, রজনীকান্ত সেন, কাজী নজরুল ইসলামের গান, গণসংগীত, ভাষা আন্দোলন, মুক্তিযুদ্ধের গান থেকে শুরু করে হাল আমলের বাংলা ব্যান্ডের গান বাংলা গানের ভাণ্ডারকে সমৃদ্ধ করে তুলছে।

উনবিংশ শতাব্দীর বাংলায় সংগীতের ক্ষেত্রে অনেক রকম নবীন ভাবনা ও উদ্যম দেখা দিয়েছিল। যাকে বলে সংগীতের সংরক্ষণ, নবরূপ প্রণয়ন ও প্রচার; এবং প্রাতিষ্ঠানিক ও ব্যক্তিক উদ্যোগে এই শতাব্দীতেও ব্যাপকভাবে ও সম্মেলক উৎসাহে জেগে উঠেছিল। তার ফলাফলও বাংলাগানের পক্ষে সৃষ্টিশীল ও সুদূরপ্রসারী হয়েছিল। সমাজ পরিবর্তনের সাথে গানের এই ইঙ্গিত নতুন কিছু নয়। সবদেশেই নতুন গান ও সংগীতের তত্ত্ব জেগে ওঠে দেশকালের নবীন আকাঙ্খা থেকে অর্থাৎ শিল্পী ও শ্রোতার যৌথ চাহিদায়। সেই কারণেই একদা ইউরোপীয় নবজাগরনের সূত্রে সংগীত মুক্তি পেয়েছিল রাজতন্ত্র ও চার্চের আওতা থেকে ব্যক্তিতন্ত্রে। যোহান সিবাস্টিয়ান বাখ থেকে শুরু করে হ্বাগনার, বেটোফেন পর্যন্ত পাশ্চাত্য সংগীতে এই স্বাতন্ত্র্য প্রতিষ্ঠার সংগ্রাম চলেছে। তার মাঝখানে লেগেছে জার্মান রোমান্টিক আন্দোলনের অন্তর্মনা গভীরতা ও সৌন্দর্যরহস্য। আত্মস্থ দৃষ্টিতে বোঝা যায় একই সময়ে উন্নত বিশ্বমন চাইছে ডারউইনের তত্ত্বে মানুষের ক্রমবিকাশের সূক্ষ্মসূত্র বুঝতে, ফ্রয়েডের ভাবনায় অন্তর্মনের তরঙ্গসংকুল জট খুলতে এবং পিয়ানোর অনুপুঙ্খ সুরের চাবি দিয়ে মানব হৃদয়ের না বলা বাণীকে ব্যক্ত করতে। এসবের একটাই লক্ষ্য: আত্ম-আবিষ্কার ও আত্মপ্রকাশ।

বাংলাসংগীতের এই আত্ম-আবিষ্কার ও আত্মপ্রকাশের আকুতি বিশেষভাবে যে উনবিংশ শতাব্দীতেই জেগে উঠেছিলো সে তো ঐতিহাসিকভাবে সত্য। তার মূলে নবজাগরণ না ইংরেজ-সংস্পর্শ, হিন্দুমেলার প্রেরণা না

নাট্যমঞ্চের চাহিদা, ব্রহ্মধর্মের উপাসনার ধরণ না নিছক নান্দনিক সৃজন তা নিয়ে বিতর্ক করে লাভ নেই। সংগীত স্রষ্ঠারা তৈরি করতে চেয়েছিলেন নতুন বাঙালির জন্য গান, সেই গান রূপায়নের জন্য যন্ত্রানুষঙ্গ এবং তার প্রচার ও সংরক্ষণের জন্য স্বরলিপি ও পত্রপত্রিকার আশ্রয়। এই সময়েই বাঙালি সংগীতকারগণ প্রাদেশিক ও মার্গসংগীতিধারা সমীকরণ করে তৈরি করতে চেয়েছেন বিশিষ্ট রূপবন্ধ ও গায়ন, মেলাতে চেয়েছেন দেশি-বিদেশি যন্ত্রের স্বভাবকে, সৃষ্টি করেছেন নতুন তাল। গানের ভাবকেও নানা বৈচিত্র্যে ও নিরীক্ষায় স্বতোশ্চল রেখেছেন গীতিকারগণ।

সংগীত গুরুমুখীবিদ্যা। প্রাচীনকালে গুরুশিষ্য পরম্পরায় গুরুগৃহে এই বিদ্যা চর্চা করা হতো। সময়ের দাবীতে উনবিংশ শতাব্দীর প্রথম পর্যায়ে দেখা গেল, আমাদের সংগীত জগৎ ব্যবসায়ীদের দখলে এবং সংগীতের আদর্শ হচ্ছে গ্রামফোন রেকর্ড, সিনেমার গান এবং বেতারে প্রচারিত গান। এছাড়াও গুরুগৃহের বা তপোবনের সংগীত শিক্ষা আজ শ্রেণিকক্ষের পাঠ্যসূচিতে (Academic Curriculum) আবদ্ধ হয়েছে। সাংস্কৃতিক এই ভিন্ন পরিবেশে সংগীতের সমৃদ্ধি এবং উৎকর্ষ নিরূপন সেটি ভিন্ন বিষয়। কিন্তু একথা পরিষ্কার যে, সংগীত এখন নিছক আর বিনোদনের মাধ্যম নয়। বর্তমান কালে সংগীতকে Music Industry বলে চিহ্নিত করা হচ্ছে। যার নেপথ্যে রয়েছে গীতিকার, সুরকার, শিল্পী ছাড়াও Computer, Arranger, Recordist, Producer, Marketing ইত্যাদি বিবিধ বিষয়। সুতরাং সংগীতের পেশাগত মনোন্নয়নের জন্য সর্বপ্রথম দরকার সামাজিক Motivation । কেননা আমাদের দেশে Music Industry Concept এখনো প্রাথমিক পর্যায়ে রয়েছে। এর পরই আমরা সংগীতের মেধাসত্ত্ব অধিকার বা অধিকার চর্চা কিংবা সংগীতের অধিকার সংরক্ষণ ইত্যাদি বিষয়গুলোর একটা সামগ্রিক রূপরেখা প্রণয়ন এবং এর সার্থক প্রয়োগ করতে সক্ষম হবো। পৃথিবীর সব দেশেই সংগীতজ্ঞ, লেখক, শিল্পী, উদ্ভাবকের প্রভূত বুদ্ধিবৃত্তিক ও সৃজনশীল সৃষ্টিকর্মের জন্য মেধাসত্ত্ব অধিকার রয়েছে। সারা পৃথিবীতে সৃজনশীলক্ষেত্রে Intellectual Property Right(IPR) বা মেধাসত্ত্ব অধিকার অতি পরিচিত প্রত্যয়। বাংলাদেশেও এটি নতুন নয়, তবে এর প্রকাশ বা পরিচিতি ব্যাপকতা লাভ করেনি। যদিও আমাদের দেশে IPR এর জন্য আইন আছে, তা সত্ত্বেও প্রয়োগের অভাবে প্রতিনিয়ত এই আইন লঙ্ঘিত হচ্ছে। নানা উপায়ে পাইরেসি হচ্ছে। সচেতনতার অভাব ও আইনী ফাঁক থাকার কারণে আইনের প্রয়োগ বাধাগ্রস্থ হচ্ছে। কপিরাইটের অনুপস্থিতিতে IP মালিকদের অসচেতনতা, মুল্যবোধের অবক্ষয় ইত্যাদিকে IPR লঙ্ঘনের কারণ হিসাবে চিহ্নিত করা যায়।

মেধাসত্ত্ব অধিকার কি?

বুদ্ধিবৃত্তিক সম্পদ বলতে এমন এক ধরনের বিশেষ সম্পদকে বুঝায় যা সাধারণত দৃশ্যমান নয়। জেরেমি ফিলিপস ও এলিসন এর মতে, "বুদ্ধিবৃত্তিক সম্পদের দুটি অর্থ আছে। প্রথমত এটি দ্বারা মানুষের মেধাশক্তির সকল ফলকে বুঝায় যেমন, কনসেপ্ট, ডিজাইন (নকশা), আবিষ্কার, কাব্য ইত্যাদি। দ্বিতীয়ত, এটির মাঝেই রয়েছে সুনির্ধারিত অধিকার যা এককভাবে উদ্ভাবনকারীর জন্য সংরক্ষিত।" বৃহদার্থে বুদ্ধিবৃত্তিক সম্পদ বলতে কতকগুলো ক্ষেত্রে আইনসংগত অধিকারকে বুঝায়। যেমন- সাহিত্যকর্ম, শৈল্পিক কিংবা বৈজ্ঞানিক সৃষ্টিকর্ম, শিল্পীর নৈপূণ্য, সুর, গায়কী, বৈজ্ঞানিক আবিষ্কার, শিল্পের নকশা, ট্রেডমার্ক, বাণিজ্যিক নাম ও উপাধি ইত্যাদি। এরই সমর্থনে ম্যানসফিল্ড (১৯৮৫) সহ কয়েকজনের বক্তব্য হলো "মেধাসত্ত্ব আইনে প্রকৃত মালিক দৃশ্যমান নয় এমন কতকগুলো সম্পদের জন্য বিশেষ অধিকার দেওয়া হয়। যেমন- সংগীত, সাহিত্য, শিল্পকর্ম, অবিষ্কার ও উদ্ভাবন, প্রতীক, নকশা, ইত্যাদি"। বাস্তবে ভোক্তা যেন আসল পণ্যটি মূল মালিকের কাছ থেকে ক্রয় করে ব্যবহার করেন এটাই হচ্ছে মেধাসত্ত্ব অধিকারের মূল প্রতিপাদ্য। বর্তমান আইনী প্রক্রিয়ায় মেধাসত্ত্ব অধিকার অন্যান্য সম্পদের অধিকারের মতই। সাধারণত কপিরাইট, ট্রেডমার্ক, পেটেন্ট ও মেধাসত্ত্ব দুই ধরনের: (১) শিল্প কারখানার সম্পদ এবং (২) কপিরাইট। আবিষ্কার, ট্রেডমার্কস, পেটেন্ট ও বাণিজ্য গোপনীয়তা ইত্যাদি হচ্ছে বানিজ্যিক সম্পদ। আর কপিরাইটের মধ্যে আছে সৃজনশীল কর্মকাণ্ড যেমন, সংগীত, নাটক, উপন্যাস, চলচ্চিত্র, শিল্পকর্ম ইত্যাদি আর্টিস্টের পারফরম্যান্স, প্রডিউসার এবং রেডিও টিভিতে প্রচারিত অনুষ্ঠান কপিরাইট অধিকার লাভ করতে পারে।

World Intellectual Property Organization (WIPO) কনভেনশনের ২৭নং অনুচ্ছেদে Artistic Production -কে মেধাসত্ত্ব হিসেবে স্বীকৃতি দেয়া হয়েছে। ১৯৮৩ সালে প্যারিস কনভেনশনে এবং ১৮৮৬ সালের বার্ন কনভেনশনেও মেধাসত্ত্বের স্বীকৃতি রয়েছে।

পেটেন্ট: কোন উদ্ভাবনের জন্য পেটেন্ট হল সংরক্ষিত অধিকার। পেটেন্ট, উদ্ভাবককে তার সৃজনশীল কাজটির স্বীকৃতি প্রদান করে এবং ইনসেনটিভ দেয়। এই ইনসেনটিভ মূলত ব্যক্তিকে নতুন নতুন উদ্ভাবনে উৎসাহিত করে। পেটেন্ট, কোনও উদ্ভাবকের অধিকার এমনভাবে নিশ্চিত করে যেন তার পেটেন্ট করা পণ্যটি অন্য কেউ ব্যবহার করতে পারবে কি পারবে না, সে সিদ্ধান্ত তিনিই গ্রহণ করতে পারেন।

ট্রেডমার্ক: ট্রেডমার্ক কোন ব্যক্তি বা কোম্পানীর উৎপাদিত পণ্যের স্বতন্ত্র প্রতীক বা চিহ্ন। ট্রেডমার্কের মাধ্যমে মালিক তার পণ্যকে স্বতন্ত্র পরিচয় দিয়ে বিপণনের একচ্ছত্র অধিকার লাভ করেন।

কপিরাইট: কপিরাইট হলো শিল্পী বা লেখকের অধিকার যা তার মৌলিক সৃষ্টিসম্ভারকে সংরক্ষণ করে। এই সৃষ্টিসম্ভারের মধ্যে অন্তর্ভূক্ত আছে- সাহিত্য, সংগীত, শিল্পকর্ম, বৈজ্ঞানিক বিষয়বস্তু যেখানে ভাবনার বহিঃপ্রকাশ সৃজনশীলতার মধ্য দিয়ে ঘটে। কপিরাইট অনুযায়ী, স্বত্বাধিকারীর পূর্বানুমতি ব্যতিত তার সৃষ্টি কর্ম নকল বা পরিবর্তন করা যায় না।

কপিরাইট বিধিসমূহ লেখক, শিল্পী কিংবা কোন সংগীতজ্ঞকে তার অধিকার সংরক্ষণের নিশ্চয়তা প্রদান করে। কপিরাইট আইনের অধীনে অন্য কোন পণ্য ব্যবহার করতে চাইলে কপিরাইট স্বত্বাধিকারীর সম্মতি নিতে হবে অর্থাৎ স্বত্বাধিকারী চূড়ান্ত কর্তৃত্ব সংরক্ষণ করবেন।

কপিরাইটের গুরুত্ব:

কপিরাইট আর্টিষ্ট, লেখক, সংগীত এবং বিজ্ঞানীদের জন্য অত্যন্ত জরুরী একটি বিষয়। কারণ, কোনও ব্যক্তি যাতে নকল করে অন্যের পণ্য বা সেবা গ্রহণ করতে না পারে কপিরাইট তা নিশ্চিত করে। কোন লেখা প্রকাশ, পুনউৎপাদন, বিক্রয়, হস্তান্তর করার একচ্ছত্র অধিকারটি কপিরাইট স্বত্বাধিকারীর জন্য সংরক্ষিত। আর্থিক লভ্যাংশও মূল লেখকের প্রাপ্য। কপিরাইট আইন সংগীতের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের (সুরকার, গীতিকার, গায়ক) অধিকারকেও সুরক্ষিত রাখে। এমনকি রেডিও ও টেলিভিশনে প্রচারিত অনুষ্ঠানেরও সুরক্ষা নিশ্চিত করে। কাজের মূল্যায়ন এবং নিরাপত্তা নিশ্চিত হওয়ায় মানুষ নতুন নতুন উদ্ভাবনের প্রতি উৎসাহিত হয়। শিল্পীরা যদি কাজের স্বীকৃতি পান এবং আর্থিক লাভ নিশ্চিন্তে উপভোগ করতে পারেন তবে স্বভাবতই তারা সৃজনশীলকর্মের প্রতি আগ্রহী হয়ে উঠবেন। ফলত অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন ত্বরান্বিত হবে। বর্তমান সময়ে সংগীত শিল্পে পাইরেসি মারাত্মক আকার ধারণ করেছে। ডিজিটাল পাইরেসির কারণে সংগীত বিক্রয়-বাণিজ্য ক্ষতিগ্রস্ত হচ্ছে। বর্তমানে এই শিল্পে প্রবলভাবে মেধাস্বত্ব লঙ্ঘিত হচ্ছে। তাই এই সংগীত শিল্পের সাথে জড়িত প্রতিষ্ঠানগুলো কম বিনিয়োগ করছেন। বিশ্বব্যাপী ডিজিটাল এলবাম বিক্রয়ের হার কমেছে।

বাংলাদেশে মেধাসত্ত্ব অধিকারের পর্যালোচনা:

Bangladesh Cassette and CD Manufactures Association (BCCDMA) এর তথ্য মতে বাংলাদেশে সংগীত বাজার থেকে বার্ষিক রাজস্ব আয়ের পরিমান ২০০ কোটির উর্ধে। এই শিল্পে প্রায় ১০লক্ষ মানুষের কর্মসংস্থান হয়েছে। এর মধ্যে আছে শিল্পী থেকে শুরু করে সংগীতজ্ঞ, প্রযোজক, পরিবেশক, খুচরা ও পাইকারি বিক্রেতা, ক্যাসেট ও সিডি নির্মাতা। বিশাল আকারের বাজার সত্ত্বেও এদেশে অডিও শিল্পে পাইরেসি নৈমিত্তিক ব্যাপার। শতকরা ৯৫ ভাগের বেশী CD বিক্রেতা কর্তৃক পাইরেটেড হয়। অসচেতনা, অজ্ঞতা এবং IPR এর যথাযথ প্রয়োগের অভাবে এটা হয়ে থাকে। বিভিন্ন উপলক্ষ সামনে রেখে যুবসমাজকে লক্ষ করে Music Album প্রকাশ করা হয়। দুঃখজনক হলেও সত্য, এই সকল Album শ্রোতাদের জন্য নানা Website এ Upload করা হয় এবং দোকানগুলোতে নানাভাবে নকল করা হয়। যৎসামান্য ক্রেতা আসল ও নকল কপির মাঝে পার্থক্য নির্ণয় করতে পারেন। ফলে স্বত্বাধিকারী ব্যবহারকারী/ভোক্তা থেকে কোন রয়্যালটি পান না। এসব কারনে বর্তমানে সংগীত বাণিজ্য ধ্বংসের মুখোমুখি। গায়ক ও সংগীতজ্ঞের সৃজনশীলকর্মে কোন নিরাপত্তা নেই। শুধু পাইরেসি নয় মোবাইল অপারেটর, ব্যবসা উদ্যোক্তা, ডিজিটাল ও প্রিন্ট মিডিয়া কর্তৃকও মেধাসত্ত্ব লঙ্ঘিত হয়। প্রযুক্তির বিকাশের ফলে সংগীত নানা মাধ্যমে (Form) ব্যবহৃত হচ্ছে-স্যাটেলাইট সম্প্রচার (Satellite Broadcasting),

Compact discs, Mobile Contents, DVD ইত্যাদি। দেখা যাচ্ছে, সংগীত ব্যবহারকারী ও হস্তান্তরকারী কপিরাইট নিয়ে মোটেই সচেতন নয়। মূল উৎস থেকে গান সংগৃহিত হয় না। বর্তমানে Cell Phone এ যে Music download করা হয় কিংবা Tune ব্যবহার করা হয়, সেগুলোও পাইরেসির পর্যায়ে পড়ে। এসব এত ব্যাপক আকার ধারণ করেছে যে, প্রকৃত স্বত্বাধিকারী ব্যাপক ক্ষতির সম্মুখীন হচ্ছেন।

বাংলাদেশে কপিরাইটের আইনী প্রক্রিয়াঃ

বর্তমানের 'কপিরাইট আইন, ২০০০' পূর্বতন 'কপিরাইট অর্ডিন্যান্স-১৯৬২' এর স্থলাভিষিক্ত হয়েছে। পরবর্তীতে আরও পরিবর্তন ও সংশোধনের মাধ্যমে কপিরাইট আইন (সংশোধিত ২০০৫) প্রবর্তিত হয়েছে। বিদ্যমান আইনটিতে সংগীত, নাটক, মৌলিক সাহিত্যকর্ম, শিল্পকর্মের পূর্ণ নিরাপত্তা নিশ্চিত করা হয়েছে। চলচ্চিত্র রেকর্ডিং এবং ব্রডকাস্টিং-এও কপিরাইটের ব্যবস্থা রয়েছে। আইনটিতে স্বত্বাধিকারীর বিশেষ কিছু নিয়ন্ত্রনমূলক অধিকারের কথা বলা হয়েছে। যেমন-পুন:উৎপাদন, পারফরম্যান্স দেখানো (Show) কিংবা জনসম্মুখে বানিয়ে উপস্থাপন, সর্বসাধারনের নিকট কপি বিক্রয়করণ, মালিকানা হস্তান্তর, জনসাধারণের নিকট ভাড়া প্রদান ইত্যাদি।

আইনটির অধীনে একটি কপিরাইট বোর্ড স্থাপনের বাধ্যবাধকতা রয়েছে। বোর্ডে একজন চেয়ারম্যান এবং দুই বা ততোধিক (৬ জনের বেশী নয়) সদস্য থাকবেন। কপিরাইট বিধান লঙ্ঘনকারীকে কারাদণ্ড বা অর্থদণ্ড অথবা উভয়দণ্ডে দন্ডিত করার বিধান রয়েছে। অবশ্য আইনটির ৭৩ অনুচ্ছেদে পুন:উৎপাদনের জন্য ঢালাওভাবে লাইসেন্স প্রদানের কারনে কিছুটা অসুবিধারও সৃষ্টি হয়েছে। কেননা, আমাদের দেশে মূল লেখক বা প্রকাশকের পূর্বানুমতি নেওয়ার প্রথা অনেকটাই অনুপস্থিত। কপিরাইট আইন অনুযায়ী ক্ষতিগ্রস্থ মালিক প্রচলিত কপিরাইট বিধি ভঙ্গকারীর বিরুদ্ধে আইনী ব্যবস্থা নিতে পারে।

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীনে একজন রেজিস্ট্রারের নেতৃত্বে কপিরাইট অফিস পরিচালিত হচ্ছে।

প্রতিবন্ধকতাসমূহ :

কপিরাইটের প্রকৃত মালিককে সংজ্ঞায়িত বা চিহ্নিত করা জটিল ব্যাপার। সাধারণত, শিল্পী, গীতিকার বা সুরকার একটি চুক্তিনামা স্বাক্ষর করেন। তাতে সংশ্লিষ্ট সংগীত বা রেকর্ডিং এর কপিরাইট গৃহীত হয়। এ পদ্ধতিতে বানিজ্যিকভাবে নানা পদ্ধতিতে গানকে উপস্থাপন করা হয়। অতএব সংগীতের স্বত্বাধিকারী বানিজ্যিক সংস্থার সংগে (Mobile operators, bank, ডিজিটাল মিডিয়া) চুক্তি করে নানান ফরম্যাটে তাদের গানসমূহ ব্যবহার করতে দিতে পারে। অবশ্য, বাণিজ্যিক সংস্থার জন্য কপিরাইট মালিকের কাছ থেকে সরাসরি মূল গান সংগ্রহ করা কঠিন কাজ। এটা সুস্পষ্ট নয় যে, মোবাইল ফোন ব্যবহারকারী ডিজিটাল ফরম্যাটে গানটি শুনতে পারবে কি-না। সেকারণে, অনেক আর্টিস্টই অভিযোগ করেন, সংগীত বিতরণ সংস্থাগুলো স্বত্বাধিকারীর পূর্বানুমতি ব্যতীত বেআইনীভাবে গানসমূহ বিতরন করে থাকে। ফলে, মূল মালিক তার রয়্যালটি বা লভ্যাংশ থেকে বঞ্চিত হচ্ছেন। তাদের অভিযোগ সঠিক; কারণ, স্বত্বাধিকার লঙ্ঘিত হচ্ছে।

সংগীত শিল্পের প্রেক্ষাপটে, গোটা বিশ্বে মূল স্বত্বাধিকারীই গান বিতরণের একচ্ছত্র মালিক। গান প্রযোজনা প্রতিষ্ঠানগুলো আমাদের দেশের শিল্পীদের সাথে চুক্তি করে তাদের কাছ থেকে মূল স্বত্বাধিকার কিনে নেয়। সে কারণে যে কোন ফরম্যাটে তারা গান বিপণন করে থাকে। কিন্তু আর্টিস্টদের দাবী হচ্ছে, মোবাইল বা ডিজিটাল কনটেন্ট হিসেবে ব্যবহারের স্বত্বাধিকার তারা বিক্রি করেনি। স্বভাবতই, এটি একটি বড় বিতর্কের বিষয়। তবে অনেকেরই আইনত মতামত হচ্ছে, পুরাতন চুক্তিসমূহে গান ব্যবহারে সব রকম সুযোগগুলোর কথা সবিস্তার উল্লেখ করা হয়নি। তাই, প্রকৃত শিল্পী নুতন কোন Format-এ তার গান ব্যবহৃত হলে রয়্যালটি বা লভ্যাংশ পাবে। অন্যদিকে, গান প্রযোজনা সংস্থার মতে, ভবিষ্যতে গান নতুন ফরম্যাটে ব্যবহৃত হলে মূল মালিক তার রয়্যালটি পাবেন তা চুক্তিতে উল্লেখ নেই। এসব কারণে বাণিজ্যসংস্থাগুলো সরাসরি মূল কপিরাইটের স্বত্বাধিকারীর নিকট থেকে গান নিতে পারে না।

বর্তমানে বিভিন্ন আর্টিস্ট এবং ব্যান্ডদল তাদের অধিকার সংরক্ষণের জন্য বিভিন্ন সংস্থা গঠন করেছে। MIB, BAMBA, LCS-এদের অন্যতম। সম্মিলিতভাবে তারা প্রযোজনা ও বাণিজ্যসংস্থার বিরুদ্ধে মেধাসত্ত্ব অধিকার লঙ্ঘনের অভিযোগ

আনে। কপিরাইট আইনের ১৫তম অনুচ্ছেদ অনুযায়ী যেসব কর্মের কপিরাইট প্রদান করা হয় সেগুলো হচ্ছে-

(১) সাহিত্য, নাটক, সংগীত, মৌলিক শিল্পকর্ম
(২) চলচ্চিত্র
(৩) সাউন্ড রেকর্ডিং (শব্দধারণ)
অনুচ্ছেদ ২(২৪)-এ 'Author' শব্দের নিম্নোক্ত ব্যাখ্যা দেওয়া হয়েছেঃ
(ক) সাহিত্য বা নাটকের লেখক;
(খ) গানের সুরকার ও গীতিকার;
(গ) ব্যক্তি বা প্রতিষ্ঠান যারা সাহিত্য, নাটক সংগীত ও শিল্পকর্ম কম্পিউটারের মাধ্যমে তৈরি করেন

এখানে সংগীতে গায়ককে অন্তর্ভুক্ত করা হয়নি। কাজেই গায়কের স্বত্বাধিকারের ব্যাপারটি সংকটে পড়ে গিয়েছে। আইনের অনুচ্ছেদ-৩৫ এ গায়ককে বিশেষ কিছু কাজে কপিরাইটের সুযোগ দেওয়া হয়েছে। গায়ক তার স্বত্বাধিকার ৫০বছর পর্যন্ত উপভোগ করেন এবং তিনি স্বত্বাধিকার ভঙ্গকারীর বিরুদ্ধে ব্যবস্থা নিতে পারবেন।

ব্যান্ড সংগীত দলের কপিরাইটের প্রশ্নটাও গুরুত্বপূর্ণ। আইনে যৌথমালিকানার একটি প্রবিধান আছে। কাজেই যৌথভাবে ব্যান্ড দলের সকল সদস্য মালিকানার দাবীদার।

চলচ্চিত্রে ব্যবহৃত গানের মালিক হন সংশ্লিষ্ট প্রযোজক। তিনি যেকোন Format-এ গানটি বিতরণ/বিপণন করতে পারেন। যদিও অনেক সময় গায়ক দাবী করেন চলচ্চিত্র ছাড়া অন্য Format-এ গানটি ব্যবহারের মালিকানা হবে তার। আমাদের কপিরাইট আইনে ডিজিটাল ফরম্যাটে গানের কনটেন্ট বিষয়ক কোন স্পষ্ট বিধিমালা নেই। কপিরাইট আইন ২০০০ এ মোবাইল কনটেন্টস (রিংটোন, পলিটোন) সম্বন্ধে কোন প্রবিধান নেই।

গায়ক যখন প্রযোজনা প্রতিষ্ঠানের সাথে চুক্তি করেন সাধারণত সে চুক্তিনামায় মোবাইল কনটেন্টের কপিরাইটের কথা বলা হয় না। তাই গায়কের মোবাইল কনটেন্টের কপিরাইট প্রাপ্তির ব্যাপারটি উপেক্ষিত হয়। আইনটিতে সরাসরি মোবাইল ফোন কনটেন্টের কোন উল্লেখ নেই। কিন্তু এ কথা বলা আছে যে, মূল সংগীতকে কোন পরিবর্তন করে ব্যবহার করা হলে তার কপিরাইট থাকতে পারে। সে কারণে, স্বত্বাধিকারী যদি সংগীত প্রযোজনা প্রতিষ্ঠানের সংগে গানকে CD format এ পরিবেশনের চুক্তি করে থাকে তবে মোবাইল ফোন কনটেন্টে-এ পরিবর্তন করার অধিকারটি স্বত্বাধিকারীর জন্য সংরক্ষিত থাকবে। কিন্তু চুক্তিতে যেকোন Format এর কথা লেখা থাকলে তখনই কেবল মোবাইল কনটেন্টে ব্যবহার করার প্রশ্ন আসতে পারে। মূল মালিক চিহ্নিত করাটাও জটিল ব্যাপার। কারণ, অনেক সময় কোন ডকুমেন্টারি Evidence থাকে না। এজন্য কোন কোন ক্ষেত্রে একটি গানের দুজন স্বত্বাধিকারীও পাওয়া যায়। তাছাড়া আইন অনুযায়ী সংগীতের স্বত্বাধিকারী হবেন গীতিকার ও সুরকার। এটাও এক জটিলতা।

আইন প্রয়োগের প্রতিবন্ধকতাসমূহঃ

১) প্রযুক্তিগত সক্ষমতা বাড়ানোর ব্যাপারটি অবহেলিত। ফলে মেধাস্বত্ব অধিকার লঙ্ঘিত হচ্ছে।
২) মেধাস্বত্ব আইনসমূহ প্রাথমিক অবস্থায় আছে এবং সংখ্যায়ও অপ্রতুল।
৩) বাস্তবায়নের অবকাঠামো মোটামুটি সন্তোষজনক হলেও, বিশ্ব মানের নয়।
৪) মেধাসম্পদ অধিকার সংরক্ষণে জনসচেতনতার অভাব।

সুপারিশমালাঃ

১) মেধাস্বত্ব আইন সংশোধন, সুষম পদ্ধতির প্রবর্তন এবং বাস্তবসম্মত নীতি নির্ধারন করতে হবে।
২) কপিরাইট সহ সবধরনের মেধাসম্পদ অধিকার সংরক্ষণে সচেতনতা সৃষ্টি করতে হবে।
৩) কপিরাইট অফিসকে আধুনিক প্রযুক্তির সমন্বয়ে নবায়ন করতে হবে।
৪) কপিরাইট প্রতিষ্ঠানটির দক্ষতা ও সক্ষমতা বাড়াতে হবে।
৫) আইনী প্রক্রিয়ায় গতিশীলতা আনয়ন করা প্রয়োজন।
৬) পেটেন্টস, ডিজাইনস ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডিটি) ও কপিরাইট অফিসের মধ্যে সমন্বয় ও সহযোগিতা

ভিত্তিতে কার্যক্রম পরিচালনা করতে হবে। প্রয়োজনে, এ দুটি সংস্থাকে একীভূত করে সমন্বিত মেধাসম্পদ সংস্থা গঠন করা যেতে পারে।

উপসংহারঃ

নিবেদিতপ্রাণ সংগীত শিল্পীদের পরিশ্রমের স্বীকৃতি দিতে হবে, দিতে হবে আর্থিক পাওনা ও মেধাসত্ত্বের ন্যায্য অধিকার। কেননা, তাদের অস্তিত্ব রক্ষা পেলে এদেশের শিল্প-সংস্কৃতি-কৃষ্টি যেমন সমৃদ্ধ হবে, তেমনি নতুন প্রজন্ম সংগীতকে এগিয়ে নিতে উৎসাহিত বোধ করবে।

তথ্যসূচীঃ

১। সুধীর চক্রবর্তী, গান হতে গানে, পড়ালেখা, কলকাতা।
২। শ্রী রাজ্যেশ্বর মিত্র, প্রসঙ্গ; বাংলা গান, কলকাতা।
৩। প্রবীর সেনগুপ্ত, বাংলা গান, পুস্তকবিপনী, কলকাতা।
৪। Bangladesh Copyright Act 2000 (Amended in 2005)
৫। Abdul Awal Hawlader, Enforcement of Copyright Law in Bangladesh
৬। M. Mahbubur Rahman, Intellecutal Property Protection in Bangladesh: An overview

- মেধাসম্পদ সৃষ্টি, সুরক্ষা ও তার সফল প্রয়োগ, জ্ঞান ভিত্তিক সমাজ গড়ার বিশেষ নিয়ামক।
- মেধাসম্পদের সুষ্ঠু ব্যবহার ডিজিটাল বাংলাদেশ গড়ার অন্যতম হাতিয়ার।



সংগীত ও বুদ্ধিবৃত্তিক সম্পত্তির অধিকার সংক্রান্ত একটি পর্যালোচনা

আনন্দ মজুমদার*

কণ্ঠ ও বাদ্যই সংগীত ধারণ, উৎপাদন ও পুনরুৎপাদন, বিকাশ ও বিস্তারের মৌলিক কাঠামো। বীণায় বেজে ওঠে বিশুদ্ধ স্বর, কণ্ঠে কলকল করে ওঠে সাংগীতিক স্রোত; বাংলাদেশের ভাব, জ্ঞান ও চিন্তার ইতিহাস সংগীতের মধ্য দিয়েই নিজের স্টাফ নোটেশন স্বগৌরবে এঁকে চলেছে। নারীর বেদন, উদার উল্লাস ধ্বনি, যন্ত্রণাকাতর হিয়া, প্রশ্ন, আত্ম-অন্বেষণ-ই বাংলার সঙ্গীত। সঙ্গীতের ভৌগোলিক প্রাকৃতিক অঞ্চলগত এই অঞ্চলের জনগোষ্ঠীর আপন আপন ইতিহাসের, বাস্তুসংস্থান, চাষ-বাস, ঘর-গেরস্তী, কৃষি, প্রেম, বিরহ ও ভাব-ভাবনার এক অনন্যসাধারণ গীতিময় গতিধারার স্মারক। ভাওয়াইয়া, ভাটিয়ালী, বিচ্ছেদী শুধু সঙ্গীতের ধারা নয়, এই অঞ্চলের জনজীবনের ইতিহাসও।

সিলেট অঞ্চলে সংগীতের প্রায় পঞ্চাশটিরও বেশী উপধারা রয়েছে। চট্টগ্রাম অঞ্চলের সাংগীতিক ধারা ইতোমধ্যেই নতুন ঘরানা সৃষ্টি করেছে। রংপুর ও উত্তর জনপদের মানুষের সংগ্রাম ও লড়াইয়ের ইতিহাসে ভাওয়াইয়াতেই খচিত। প্রাচীনকাল থেকে এ পর্যন্ত সঙ্গীতের সাথে জীবিকার সম্পর্কের ইতিহাস পর্যালোচনা করলে সংগীতের সামাজিক ইতিহাসের পাশাপাশি সৃজনশীলতার প্রতি সামাজিক দায়বদ্ধতা ও সাংবেদনশীলতার মর্ম উপলব্ধি করা যায়। আগের দিনে কণ্ঠেই কপি হতো সঙ্গীত। প্রত্যেক অঞ্চলের সংগীতিক ঘরানা কণ্ঠ পরম্পরায় টিকে আছে। তখন রেকর্ডিং ইন্ডাস্ট্রি গড়ে ওঠেনি। পরবর্তীকালে রেডিও

* *কবি, সমাজ বিজ্ঞানী ও উন্নয়ন গবেষক। আন্তর্জাতিক অঙ্গনে নীতি নির্ধারণী গবেষণায় নিয়োজিত*

সাধারণ মানুষের কাছে সংগীতের আবেদন সৃষ্টি করার ক্ষেত্রে বৈপ্লবিক ভূমিকা পালন করেছে। লং প্লে টার্ণ টেবিলে বাজার ইতিহাসও রেডিও প্রযুক্তির সমসাময়িক।

বাংলাদেশের লৌকিক ভাব পরিমন্ডলের মধ্যে সংগীত কণ্ঠ থেকে কণ্ঠ, ঘরাণা থেকে ঘরে, হাজার হাজার গ্রামীণ কনসার্টের মধ্য দিয়ে, শ্রোতার সাথে গান ও গায়েনের সরাসরি সম্পর্কের মধ্য দিয়ে ভাবমূর্ছনার মধ্য দিয়েই ছড়িয়ে পড়েছে সঙ্গীত। এখনও তা-ই হচ্ছে। বাংলাদেশেই এখনও ফকির, গায়েন, পালাকার, দিওয়ানরা-ই, হাজার হাজার নারী ও পুরুষ গায়েনরাই পরম্পরাগত সাংগীতিক ধারার একনিষ্ঠ সেবক। এই এক বিশাল গানের জগৎ যেখানে জীবন-জীবিকা গানের সাথেই, গানের জন্যই, গান করেই চলে। এর বাইরে প্রযুক্তির ফলে সঙ্গীত সৃজন, উৎপাদন ও সিডি আকারে পুনরুৎপাদনের ফলে সংগীতের রেকর্ডিং ও বাজারজাতকরণের আলাদা কারখানা গড়ে ওঠে। এই কারখানার সাথে হাজার হাজার মানুষের জীবন-জীবিকা জড়িয়ে পড়েছে। এক সময় ঘরানাই ছিলো কপিরাইট, কণ্ঠে কণ্ঠে সংগীত কপি হতো। এখনও ট্রেনে, বাসে, গ্রামের হাটে-বাজারে পণ্য বিক্রয় করার জন্য গান ব্যবহৃত হয়। অসংখ্য মানুষের জীবিকার উৎস গান। দৃষ্টি প্রতিবন্ধী সেই সকল মানুষদের এখনো মাঝে মাঝে দেখা যায় যাদের সুমধুর সুরে আকুল হয়ে চারপাশে শ্রোতারা ভীড় করেন। সংগীত বিয়ে-শাদী, পূজা-পার্বণ, জাতীয় ও স্থানীয় অনুষ্ঠান, সভা এমনকি রাজনৈতিক প্রচারণারও অবশ্যম্ভাবী অনুষঙ্গ।

আজ ওয়েলকাম টোন বা রিং টোন হিসাবে সংগীত ব্যবহৃত হয়। মোবাইল ফোনের রিং টোনের রয়্যালিটি কী শিল্পী পায়? বেশীরভাগ ক্ষেত্রেই পায় না; সকল পক্ষই সংগীত শোষক। সৃজনশীল সত্তার সাথে শোষণমূলক এই সম্পর্ক শুধু সৃষ্টিকেই ক্ষতি করে না এর সাথে জড়িত সকল টেকনিশিয়ান, সকল স্টেকহোল্ডারের জীবন-জীবিকাকেই বিপর্যস্ত করে; গোটা উৎপাদন প্রক্রিয়া কারখানাকেই রুগ্ন করে। পাইরেসির কারণে প্রতি বছর প্রায় ১৮০ মিলিয়ন ডলার ক্ষতি হয় বলে কেউ কেউ ধারণা করছেন। কারো কারো মতে এই ক্ষতির পরিমাণ অনেক গুণ বেশী। এর ফলে সরকার বিপুল পরিমাণ রাজস্ব থেকেও বঞ্চিত হচ্ছে। গানের সাথে সম্পর্কিত অর্থনৈতিক কর্মকাণ্ড বহুধা বিস্তৃত ও বিপুল মানুষের কর্মসংস্থানের ক্ষেত্র। পাইরেসির ফলে বৈধ বাজার সংকুচিত হয়; বিনিয়োগ হুমকির মুখে পড়ে; প্রযোজনা প্রতিষ্ঠানগুলো রুগ্ন হয়ে পড়ে। শিল্পীদের সাথে আস্থার সংকটও তৈরি হয়। এক সময় শিল্পীদের কাছে সিডি কিংবা এ্যালবামের কাভার রাখা হতো; কতো কপি বিক্রি হয়েছে তা নিয়ে বিরোধ এড়াতে। এখন দেখা যায় কোনো এ্যালবাম রিলিজ হওয়ার আগেই ওয়েবসাইট ও ইউটিউবে আপলোড করে দেয়া হচ্ছে। একটি অসাধু চক্র মোটা অংকের টাকার বিনিময়ে এই ভয়াবহ কাজটি করছে। তবুও বাংলাদেশের ১০-১৫% শ্রোতা এখনও অরিজিনাল সিডি কিংবা এ্যালবাম ক্রয় করেন।

সঙ্গীত আন্তর্জাতিক। সঙ্গীতের কোনো সীমান্ত নাই। সুর সকল সংঘর্ষের উর্ধ্বে। সুর ব্যাধির ব্যাথা নাশক। সুর চৈতন্যের স্তর নির্ধারক। শিল্পীদের মধ্যে কপিরাইট সম্পর্ক নিয়ে সচেতনতা বৃদ্ধি করা দরকার। সঙ্গীতের বাণিজ্যিকীকরণের ক্ষেত্রে পাইরেসি এখন নতুন সংকট। বিশ্বব্যাপী মেধাসত্ত্বের সত্ত্বাধিকার নিশ্চিত করা একটি জটিল প্রক্রিয়া। সঙ্গীত প্রযোজনা ও বাজারজাতকরণকারী প্রতিষ্ঠানগুলোর নিজেদের পণ্যের উপর নিয়ন্ত্রণ রক্ষা করা দরকার। কপিরাইট না থাকলে কপিরাইট সংক্রান্ত মামলার প্রতিকার পাওয়া যাবে না। সে কারণেই "সৃজনশীল পরিমন্ডল", উৎপাদন ও বিপণণ পরিমন্ডল ও ভোক্তা সমাজের মধ্যে "গোপন মাফিয়া কণ্ঠ দস্যু চক্র" এই প্রক্রিয়াকে তাদের আন্ডারগ্রাউন্ড ব্যবসার অধীনস্থ করে ফেলেছে। সিলভার ডিস্কে রেকর্ডিং করা গান লোকাল ডিস্কে রেকর্ড করেই পাইরেসি করা হয়। কোনো কোনো ক্ষেত্রে দেখা যায় প্রযোজনা সংস্থাগুলো সিলভার ডিস্কে রেকর্ড করে বাজারে ছাড়ার আগেই লোকাল ডিস্কে কপি করে গান বাজারে ছড়িয়ে দেয়া হচ্ছে। ইউটিউবে প্রায় সকল ধরণের গানই দেদারসে আপলোড করা হচ্ছে। এফ এম রেডিওগুলোও কপিরাইট আইনে ভঙ্গ করছে। প্রযুক্তি সহায়ক সংগীত শ্রবণ কোনো সংকট নয়; প্রকৃতপক্ষে প্রযুক্তি সংগীতের শ্রোতৃমন্ডল বিস্তৃত করার ক্ষেত্রে অসামান্য অবদান রেখে চলেছে; সিলভার ডিস্ক থেকে লোকাল ডিস্কে কপি করার কাজটি শ্রোতারা করেন না;

সংগীত প্রযোজনার সাথে সম্পর্কিত কলা কুশলীরাই করে থাকে। সংগীতের অবৈধ বাজার ও ব্যবসার সাথে সম্পর্কিত কুশীলবরা অন্যের সৃষ্টি থেকে ফায়দা তোলে; প্রযোজনা প্রতিষ্ঠান ও শিল্পী বঞ্চিত হয়। পেনড্রাইভ, মেমোরি কার্ডে অতি সামান্য অর্থের বিনিময়ে গান রেকর্ড করা যায়। অসংখ্য ওয়েবসাইটে প্রতিনিয়তই গান আপলোড করা হচ্ছে। পাইরেসি সম্পূর্ণরুপে বন্ধ করা প্রায় অসম্ভব কিন্তু নজরদারী প্রযুক্তির আধুনিকায়নের মাধ্যেমে ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি করে পাইরেসি অনেকটাই হ্রাস করা সম্ভব। আইনের কঠিন প্রয়োগের জন্য প্রাতিষ্ঠানিক সমতা জরুরী। কপিরাইটে আইনে শাস্তির বিধান রয়েছে।

পাইরেসি বা দস্যুতা এই কারখানার জন্য বড়ো চ্যালেঞ্জ। আইনের দিক থেকে পাইরেসি হলো কথা নকল করা; অনুমতিবিহীন পণ্যের পুনরুৎপাদন। সৃজনশীল কর্ম ও শিল্প , সাহিত্য, সঙ্গীতের উপর অধিকারের প্রশ্নটি একটি জটিল প্রশ্ন; কেবলমাত্র আইনের সংকীর্ণ পরিধির মধ্যে এই অধিকারের প্রশ্ন নিরসন করা প্রায় অসম্ভব। কপিরাইট আইনের যথাযথ ও কঠোর প্রয়োগের ক্ষেত্র সীমাবদ্ধতা নিয়ে অনেকেই প্রশ্ন তুলছেন কিন্তু আইনের কড়াকড়ি প্রয়োগের প্রশ্নের সাথে সাথে পাইরেসি রোধে ক্ষেত্র সচেতনতা গড়ে তোলার কোনো বিকল্প নাই। কপিরাইট অফিস একটি আধা বিচার বিভাগীয় প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠান কপিরাইট আইন ২০০০ (২০০৫ সালে সংশোধিত) এর বিধান অনুযায়ী দেশে কপিরাইট সংক্রান্ত বিরোধ নিস্পত্তি করে। এই প্রতিষ্ঠানের কার্যক্রমের সাথে সংগীত, শিল্প, স্থাপত্য, চলচ্চিত্র, ধারণ এবং সম্প্রচার সংক্রান্ত কপিরাইট প্রকৃতপক্ষে বুদ্ধিবৃত্তিক সম্পদের উপর যে কোনো ধরণের আগ্রাসনের আইনী সুরক্ষা। দিওয়ানী ও ফৌজদারী প্রতিকারের জন্য কপিরাইট সংক্রান্ত বিষয়ে সচেতনতা বৃদ্ধি করতে হবে। প্রতিকারের জন্য সৃজনশীল কর্মের উপর মেধাসত্ত্ব প্রতিষ্ঠিত করার আইনী দিকগুলো সম্পর্কে সচেতনতা বাড়াতে হবে।

গত এক দশকে গানের অর্থনীতির ক্ষেত্র বিস্তৃত হয়েছে। প্রযুক্তিগত বিকাশ সংগীতের ব্যবহার ও শ্রোতার, ভোক্তার সাথে নতুন বিনোদন অর্থনৈতিক সম্পর্ক স্থাপন করেছে। এই সম্পর্কের প্রতি সদয় সুবিবেচনা রেখেই মেধাসত্ত্ব সংরণের দিকগুলোকে আরো আধুনিক করতে হবে; বিশেষ করে নজরদারীর ক্ষেত্রে।পাইরেসি বন্ধের ব্যাপারে দিকনির্দেশনা সম্বলিত হাইকোর্টের রায় বাস্তবায়ন করতে হবে। মিউজিক ইন্ডাষ্ট্রিজ ওনার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের পক্ষ থেকে হাইকোর্টে দায়েরকৃত রিট আবেদনের প্রেক্ষিতে ২০১০ সালের ১৭ আগস্ট হাইকোর্ট রিটের নিস্পত্তি করে যে রায় প্রদান করেছে তাতে শিল্পকর্মের অডিও ও ভিডিও পাইরেসি বন্ধে কার্যকর ব্যবস্থা নিতে সরকাররের বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থার প্রতি নির্দেশ দেওয়া হয়। কপিরাইট নিশ্চিত করতে হলে সমন্বিত পদক্ষেপ গ্রহণ অত্যাবশ্যক; কোনো একক সংস্থার পক্ষেই অপরাধ দমন সম্ভব নয়। রায়ে পাইরেটেড অডিও ও ভিডিও কপি জব্দের নির্দেশ দিয়েছেন। রায়ে সুস্পষ্টভাবে দোষীদের গ্রেফতার ও শাস্তির নির্দেশ দেয়া হয়। হাইকোর্ট পাইরেটেড অডিও ও ভিডিও কপি জব্দের নির্দেশ দিয়েছেন। সিডিআর ও ডিভিডিআর ব্যবহার করে সংগীত ও চলচ্চিত্রকর্ম পাইরেসি রোধকল্পে কার্যকর পদক্ষেপ গ্রহণের নির্দেশ দেয়া হয় ও পদক্ষেপের অগ্রগতি প্রতি তিন মাস অন্তর অন্তর প্রতিবেদন আকারে আদালতে দাখিল করতে বলা হয়। কপিরাইট আইন অনুযায়ী সৃজনশীল কর্ম বলতে সাহিত্য, নাট্য, কম্পিউটার সফটওয়্যার, সংগীত, শিল্প, স্থাপত্য, চলচ্চিত্র ধারণ এবং সম্প্রচার বোঝানো হয়। কপিরাইট সনদ প্রাপ্তির জন্য আইনের ধারা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ, সচেতনতা কার্যক্রমের জন্য নিবন্ধিত কপিরাইট সমিতি গড়ে তোলা ও শাস্তির বিষয়ে ব্যাপক প্রচারণা গানের মেধাসত্ত্ব সংরক্ষণের ক্ষেত্রে কার্যকর ভূমিকা পালন করতে পারে।

এলপি বা লং-প্লে এর স্থান দখল করেছে সিডি। অনলাইন গানের উপর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠার কাজটি যদিও কঠিন তবুও নতুন প্রযুক্তির আলোকেই নজরদারী কার্যক্রমের আধুনিকায়ন দরকার। সৃজনশীল কর্মের সুরক্ষায় সবাইকেই এগিয়ে আসতে হবে। আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের লোক সঙ্গীতের মেধাসত্ত্ব সংরক্ষণেও উদ্যোগী হতে হবে।

শ্যামল দত্ত*

'অঞ্জলি লহ মোর সঙ্গীতে'

গানের বাণীতে যখন 'অঞ্জলি লহ মোর সঙ্গীতে' বলা হয়, সঙ্গীত তখন প্রকৃত অর্থেই নিবেদনের অর্ঘ্য হয়ে ওঠে। এরপর 'প্রদীপ শিখা সম কাঁপিছে হৃদি মম' বলে হৃদয়কে যেন সত্যিই মেলে ধরা হয়। বাতাসে কাঁপা-কাঁপা প্রদীপশিখার মতো হৃদয় যেন 'আরতি-নৃত্যের ভঙ্গিতে' নেচে ওঠে। হৃদয় আর সঙ্গীত মিলেমিশে এখানে একাকার। এভাবে কবি কাজী নজরুল ইসলামের এই গানের বাণীই বলে দেয়, সঙ্গীত কী এবং কেন। গীতিকবিরা অনেক সময় জীবন বা হৃদয়কে সুরযন্ত্রের সাথে তুলনা করেন। অধ্যাত্ম সাধনাতেও 'তুমি যন্ত্রী, আমি যন্ত্র' বলে স্রষ্টার উদ্দেশ্যে জীবন উৎসর্গের কথা বলা হয়। বাউল গানে বেশিরভাগ ক্ষেত্রে মানুষের বহিরাবরণ বা দেহকে বেছে নেওয়া হয় উপমার উপকরণ হিসেবে। রূপকারদের কল্পনায় দেহ তখন দেহঘড়ি। অর্থাৎ সব দিক থেকেই মানুষ নিজেকে সঙ্গীতময় বিবেচনা করে থাকে।

পাশ্চাত্য গবেষকরা সঙ্গীতকে সংজ্ঞায়িত করতে গিয়ে দ্বিধাবিভক্ত মত দিয়েছেন।

An accurate and concise definition of music is fundamental to being able to discuss, categorize, and otherwise consider the phenomenon of what we understand as being music. Many have been suggested, but defining music turns out to be more difficult than might first be imagined. There is ongoing controversy about how to define music. The Oxford Universal Dictionary defines music as, That one

* প্রামাণ্যচিত্র নির্মাতা। E-mail: dutta209@gmail.com

of the fine arts which is concerned with the combination of sounds with a view to beauty of form and the expression of thought or feeling'. However, the music genre known as noise music, for instance, challenges these ideas about what constitutes music's essential attributes by using non-traditional elements of music...

সংস্কৃত পন্ডিত এবং শাস্ত্রকাররা নৃত্য, গীত ও বাদ্য এই তিনের মিলনকে সঙ্গীত হিসেবে সংজ্ঞায়িত করেছেন। একটু গভীর বিশ্লেষণে দেখা যাবে নৃত্য, গীত ও বাদ্য একে অন্যের পরিপূরক। কারণ এগুলোর সব কিছুর মধ্যেই আছে ছন্দ, তাল ও লয়। ছন্দ মানে একটি দোলা। এই দোলার একটি সুনির্দিষ্ট গতি আছে, যার নাম তাল। আবার লয় মানে বিরতি। কোনো ছন্দ বা তালের বিরতি দ্রুততর, কোনোটির প্রলম্বিত। নৃত্য, গীত ও বাদ্যে তাই ছন্দ, তাল ও লয় অপরিহার্য। বাংলাদেশের সঙ্গীত মূলত সেটাই, যা এ দেশের মাটি ও মানুষের অর্ন্তমূল থেকে উঠে এসেছে। অর্থাৎ এ দেশের লোকজ ঐতিহ্যের হাজার বছরের ধারা।

বাউল সম্রাট লালনশাহ্ এই ঐতিহ্যকে নতুন মাত্রা দান করেছেন। 'সব লোকে কয় লালন কী জাত সংসারে' অথবা 'সুন্নত দিলে হয় মুসলমান, নারীলোকের কী হয় বিধান' ইত্যাদি কু-তর্কের অসারতা অতি সহজেই তিনি তাঁর গানের বাণীতে উপস্থাপন করেছেন। কারণ সহজিয়া সাধনার মধ্য দিয়ে আজীবন মানবপ্রেমের চর্চায় তিনি মুখর ছিলেন। অবিভক্ত ভারতবর্ষে বাংলার আকাশ-বাতাস তাঁর হৃদয় আকুল করা বাউল সুরে মাতোয়ারা হয়েছিলো। তাঁরই অনুজতুল্য কাঙাল হরিনাথ ধর্ম-ব্যবসায়ীদের শুনিয়েছিলেন মানবতার অমর বাণী:

যিনি সেই মসজিদ গির্জায়, ব্রাহ্মসভায়, শ্মশানে কী গাছের তলে
তিনি মোহন্ত আখড়ায়, তুলসীতলায়, সর্বস্থানে ভূমন্ডলে।...

লোক সাহিত্য গবেষক মুহম্মদ মনসুর উদ্দিনের 'হারামণি' গ্রন্থের ভূমিকা লিখে দিয়েছিলেন বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর। ভূমিকার এক স্থানে কবি বলেছেন: শিলাইদহে যখন ছিলাম, বাউল দলের সঙ্গে আমার সর্বদাই দেখাসাক্ষাৎ ও আলাপ-আলোচনা হত। আমার অনেক গানেই আমি বাউলের সুর গ্রহণ করেছি এবং অনেক গানে অন্য রাগরাগিণীর সঙ্গে আমার জ্ঞাত বা অজ্ঞাত-সারে বাউল সুরের মিলন ঘটেছে। এর থেকে বোঝা যাবে বাউলের সুর ও বাণী কোন এক সময়ে আমার মনের মধ্যে সহজ হয়ে মিশে গেছে। আমার মনে আছে, তখন আমার নবীন বয়স, শিলাইদহ অঞ্চলেরই এক বাউল কলকাতায় একতারা বাজিয়ে গেয়েছিল–

কোথায় পাব তারে
আমার মনের মানুষ যে রে!
হারায়ে সেই মানুষে তার উদ্দেশে
দেশ-বিদেশে বেড়াই ঘুরে।...

কথা নিতান্ত সহজ, কিন্তু সুরের যোগে এর অর্থ অপূর্ব জ্যোতিতে উজ্জ্বল হয়ে উঠেছিল। এই কথাটিই উপনিষদের ভাষায় শোনা গিয়েছে: তং বেদ্যং পুরুষং বেদ মা বো মৃত্যুঃ পরিব্যথাঃ। যাঁকে জানবার সেই পুরুষকেই জানো, নইলে যে মরণবেদনা।...

নৃত্যের অসাধারণ প্রকাশভঙ্গিতেও মানুষ তার ইতিহাস, ঐতিহ্যকে প্রাণবন্ত করে তোলে। এ দেশের পালা-পার্বণে জারিগান, ঘাটুগান, গাজীর গীত ইত্যাদির প্রচলন দীর্ঘদিনের। এখানে সম্মিলিত গীতের সাথে চলে অপূর্ব নৃত্য ব্যঞ্জনা। বাঙালির ঐতিহ্যবাহী নববর্ষের উৎসব, পালাগান, গাজন, মহররমের লাঠিখেলা কোনোটিই সঙ্গীত থেকে বিচ্ছিন্ন নয়। যেন সঙ্গীতের চলমান ধারার মতোই বাঙালির জীবন ও সংস্কৃতি চিরবহমান। বাঙালির এই শাশ্বত জীবনগাথার অপূর্ব বর্ণনা আছে শাহ্ আবদুল করিমের সুর ও বাণীতে:

বাংলার নওজোয়ান, হিন্দু-মুসলমান
মিলিয়া বাউলাগান আর মুর্শিদি গাইতাম,
আগে কী সুন্দর দিন কাটাইতাম।...

বাদ্যযন্ত্রেও বাঙালির নিজস্বতা রয়েছে। পাশ্চাত্যের অত্যাধুনিক ইলেকট্রনিক বাদ্যযন্ত্রের ভিড়ে আজও টিকে আছে বাংলার ঢোল, বাঁশি, খঞ্জনি, একতারা, দোতারা ইত্যাদি। অবশ্য বিদেশি যন্ত্র ব্যবহারেও বাঙালি সুরশিল্পীরা অনাগ্রহী নন। বাংলার সুপ্রাচীন যাত্রাশিল্পে ঢোল, বাঁশির পাশাপাশি বেহালা, কারিওনেট, কর্নেট ইত্যাদি অনেক দিন আগে থেকেই ব্যবহৃত হচ্ছে। বরেণ্য চিত্রনির্মাতা সত্যজিৎ রায় এ প্রসঙ্গে তাঁর নিজের অভিজ্ঞতার কথা বলেছেন।

সঙ্গীতের ব্যঞ্জনা আছে, কিন্তু পরিষ্কার কোন ভাষা নেই। এখানে সাযুজ্যের একটা প্রশ্ন আসে। সব কথায় সুর বসে না। গান সেখানেই সার্থক যেখানে সুর হল ভাষার ব্যঞ্জক।... পথের পাঁচালি ছিল গ্রাম্য পরিবেশের কাহিনী। কিন্তু তা বলে তা লোকসাহিত্য নয়। তার ভাষায়, তার মেজাজে রীতিমত sophistication আছে। তার চরিত্রবর্ণনে আধুনিক মনস্তাত্ত্বিক দৃষ্টিভঙ্গির ছাপ আছে। ছবিতেও অনুরূপ sophistication আনবার চেষ্টা করা হয়েছিল। সুতরাং এর আবহসঙ্গীতে কেবল গ্রাম্য যন্ত্রে গ্রাম্য সুর বাজানোর কোন সার্থকতা আছে বলে আমরা মনে করিনি। বাঁশি, গুপিযন্ত্র, ঢোল ইত্যাদির সঙ্গে সেতার, সরোদ পাখোয়াজ মেশাতে তাই রবিশঙ্কর দ্বিধা করেননি।...

পাশ্চাত্যের চলচ্চিত্রবোদ্ধারাও চলচ্চিত্রে সঙ্গীতের প্রয়োজনের কথা স্বীকার করে নিয়েছেন।

Music in film can never be ignored discounted, even when the audience is not consciously aware of it, and even when the music is so low as to seem almost inaudible. Not only is music among the most effective of film making tools, it is among the most flexible, at least when used to create and direct emotions and psychic states of being. Its appeal is non-rational so far as the film audience is concerned...

সঙ্গীত কেন অপরিহার্য, এক কথায় এ রকম উত্তর হতে পারে যে, সঙ্গীত পরিবেশবান্ধব। প্রকৃতি ও পরিবেশের সব কিছুই ছন্দোবদ্ধ। প্রকৃতির সর্বত্র একটা নির্দিষ্ট রীতি বা ধারার অনুসরণ রয়েছে। এখানে বিশৃঙ্খলার স্থান নেই। তাই বিশৃঙ্খলায় বিপর্যস্থ মানুষকে বার বার প্রকৃতির কাছেই ফিরে যেতে বলা হয়। প্রকৃতি শান্তি ও স্বস্থির আধার। কারণ যেখানে শৃঙ্খলা, সেখানেই শান্তি। যেহেতু প্রকৃতির সর্বত্র শৃঙ্খলা, তাই একমাত্র প্রকৃতিতেই শান্তি বিরাজমান। শুচিস্নিগ্ধ প্রকৃতিই বিশ্ব চরাচরকে নিবিড় শান্তির পাঠে উজ্জীবিত করতে পারে। ফার্সি প্রবাদে বলা হয়, তলোয়ার দিয়ে রাজ্য জয় করা যায়, কিন্তু সঙ্গীত দিয়ে শত্রুকে বন্ধু করা যায়।

বিশ্ব মেধাসম্পদ দিবসে এ বছরের প্রতিপাদ্য বিষয়: Get up, stand up. For music বাংলা অর্থ হয়তো এ রকম দাঁড়ায় যে, সঙ্গীতের জন্য জেগে ওঠো অথবা এসো, আমরা সঙ্গীতের পাশে দাঁড়াই। প্রতিপাদ্য বিষয়টি বর্তমান সময়ের সাথে খুবই প্রাসঙ্গিক এবং তাৎপর্যপূর্ণ। কারণ অস্ত্রের ঝনঝনাতিতে আতঙ্কিত বিশ্ববাসীকে একমাত্র সঙ্গীতের অমিয়ধারা দিতে পারে স্বস্তি ও শান্তি। সঙ্গীতের ভাষা সার্বজনীন। বিভিন্ন দেশের সাথে অর্থনৈতিক চুক্তি বা সমঝোতা-স্মারক স্বাক্ষরের চেয়েও সাংস্কৃতিক মৈত্রী গড়ে তোলা খুব জরুরি। কেননা একমাত্র সঙ্গীতের মাধ্যমেই বিশ্বের সকল মানুষের একপ্রাণ হয়ে ওঠা সম্ভব। কারণ দেশ-কালের সীমানা ছাড়িয়ে সঙ্গীত যে কোনো মানুষের হৃদয়কে স্পর্শ করে।

বাংলা নতুন বছরের শুরুতে সঙ্গীতের মাধ্যমে আজ সবাইকে শুভেচ্ছা জানাতে চাই। বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের কাছ থেকে ধার নিয়ে তাঁর সঙ্গীতের ভাষায় বলতে চাই–

তাপস নি:শ্বাস বায়ে মুমূর্ষুরে দাও উড়ায়ে
বৎসরের আবর্জনা দূর হয়ে যাক।
যাক পুরাতন স্মৃতি, যাক ভুলে-যাওয়া গীতি,
অশ্রুবাষ্প সুদূরে মিলাক৷ মুছে যাক গ্লানি, ঘুচে যাক জরা,
অগ্নিস্নানে শুচি হোক ধরা৷৷

তথ্যসূত্র: বিষয় চলচ্চিত্র সত্যজিৎ রায়, The Work of the Film Director by A. J. Reynertson, উইকিপিডিয়া

এক নজরে পেটেন্টস, ডিজাইনস ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডিটি)

ভূমিকা: শিল্প মন্ত্রণালয়াধীন পেটেন্টস, ডিজাইনস ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডিটি) ১৯১১ সালের পেটেন্ট ও ডিজাইন আইন ও ২০০৯ সালের ট্রেডমার্কস আইন অনুযায়ী জাতীয় ও আন্তর্জাতিক মেধাসম্পদ বিষয়ক কার্যক্রম পরিচালনা করে। বাংলাদেশ WIPO ও World Trade Organization (WTO) এর সদস্য এবং Trade Related Aspects of Intellectual Property Rights (TRIPS) এ স্বাক্ষরকারী দেশ হিসেবে World Trade Organization (WTO) এবং World Intellectual Property Organization (WIPO) কর্তৃক প্রদত্ত Guideline এর ভিত্তিতে Intellectual Property Rights সংক্রান্ত কার্যাবলী এ অধিদপ্তরের মাধ্যমে সম্পাদন করে থাকে। সাবেক পেটেন্ট অফিস ও ট্রেডমার্কস রেজিস্ট্রি দুটিকে একীভূত করে ২০/৩/২০০৪ খ্রিঃ তারিখ থেকে এ অধিদপ্তরের কার্যক্রম শুরু হয়। ডিপিডিটির মূল কার্যক্রম হলো নতুন আবিষ্কারের জন্য পেটেন্ট স্বত্ব মঞ্জুর করা, নতুন উদ্ভাবিত Industrial Design নিবন্ধন করা, ট্রেডমার্কের স্বত্ব সংরক্ষণের জন্য ট্রেডমার্ক নিবন্ধন করা এবং নতুন নতুন আবিষ্কারকে উৎসাহিত করা। পেটেন্টস, ডিজাইনস ও ট্রেডমার্কস অধিদপ্তরে মোট ৬টি উইং ও ইউনিট রয়েছে, যথা:- (i) Patents & Designs Wings (ii)Trademarks Wings (iii) WTO & International Affairs Wing (iv) Administrative Wing (v) Information Technology (IT) Unit. প্রথম ০৫টি উইং ও ইউনিটের প্রধান হিসেবে ডেপুটি রেজিস্ট্রার ও আইটি ইউনিটের প্রধান হিসেবে সিস্টেম এনালিস্ট এবং ডিপিডিটির অফিস প্রধান হিসেবে ০১ জন রেজিস্ট্রার রয়েছেন।

২। অধিদপ্তরের ইউনিট ও উইংসমূহ:

(ক) পেটেন্ট ও ডিজাইন উইং:

পেটেন্ট: পেটেন্ট হল কোন নতুন পণ্য আবিষ্কার বা পণ্য উৎপাদনের পদ্ধতির আবিষ্কার, যা শিল্পে প্রয়োগযোগ্য অথবা কোন কারিগরি সমস্যার কারিগরি সমাধান অর্থাৎ নতুন প্রযুক্তি। পেটেন্ট অনুমোদনের মাধ্যমে এরূপ আবিষ্কারের জন্য আবিষ্কারককে তার স্বীকৃতি স্বরূপ একটি নির্দিষ্ট সময়ের জন্য নিরঙ্কুশ স্বত্বাধিকার প্রদান করা হয়। এইরূপ স্বত্বাধিকারীর অনুমতি ছাড়া অন্য কেউ পেটেন্টকৃত আবিষ্কারের বানিজ্যিক উৎপাদন, ব্যবহার, বিতরণ ও বিক্রি করতে পারে না।

বাংলাদেশে 'পেটেন্ট ও ডিজাইন আইন, ১৯১১' এর আওতায় ১৬ বছরের জন্য পেটেন্ট অধিকার দেয়া হয়। পেটেন্ট এর স্বত্বাধিকারী ১৬ বৎসর পর্যন্ত এই নিরঙ্কুশ অধিকার ভোগ করেন। এর পর জনসাধারণের যে কেউ আবিষ্কৃত ঐ প্রযুক্তি বিনানুমতিতে ব্যবহার করতে পারেন।

ডিজাইন: উৎপাদিত দ্রব্যের নান্দনিকতা (aesthetic view) ও অলংকার (ornamentation) সংশ্লিষ্ট সব কিছুই ইন্ডাষ্ট্রিয়াল ডিজাইন। কোন পণ্যের আকার, আকৃতি, উপরিতল ইত্যাদি ত্রিমাত্রিক বিষয় এবং প্যাটার্ন লাইন ও রং ইত্যাদির দ্বিমাত্রিক বিষয় ইন্ডাষ্ট্রিয়াল ডিজাইনের অন্তর্গত। ডিজাইন দৃষ্টিগ্রাহ্য হয়। ডিজাইন ক্রেতাকে আকৃষ্ট করে এবং মার্কেটে কোম্পানীর অংশ (market share) বৃদ্ধিতে সহায়তা করে। রেজিস্টার্ড ডিজাইনের মালিক ডিজাইনটি ব্যবহারের একচ্ছত্র অধিকার সংরক্ষণ করেন। রেজিস্টার্ড মালিকের অনুমতি ছাড়া অন্য কোন ব্যক্তি ঐ ডিজাইন ব্যবহার করতে পারেনা। ডিজাইন নকল করা আইনত দন্ডনীয়।

'পেটেন্ট ও ডিজাইন আইন, ১৯১১' এর আওতায় প্রথমে ০৫ (পাঁচ) বছরের জন্য ডিজাইন রেজিস্ট্রেশন দেয়া হয়। পরবর্তীতে পাঁচ বছর করে আরও দুই মেয়াদে (মোট ১০ বছর) রেজিস্ট্রেশন নবায়ন করা যায়।

(খ) ট্রেডমার্ক রেজিস্ট্রি উইং: কোন উদ্যোক্তা বা প্রতিষ্ঠানের পণ্য বা সেবাকে অন্য উদ্যোক্তা বা প্রতিষ্ঠানের উৎপাদিত অনুরূপ পণ্য বা সেবা হতে পৃথক করার জন্য যে মার্ক ব্যবহার করা হয় সেটাই ট্রেডমার্ক। প্রতীক, চিহ্ন, শব্দ, উদ্ভাবিত শব্দ, নাম, নাম বা শব্দের সংক্ষিপ্ত আকার, প্রতিকৃতি ইত্যাদি ট্রেডমার্ক হিসেবে বিবেচিত হয়। সেবাধর্মী কাজের জন্য সার্ভিস মার্ক নিবন্ধন করা হয়।

রেজিস্ট্রার্ড ট্রেডমার্ক/সার্ভিস মার্কের মালিক মার্কটি ব্যবহারের একচ্ছত্র অধিকার সংরক্ষণ করেন। তার অনুমতি ছাড়া অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান একই বা সাদৃশ্যপূর্ন পণ্য/সেবার জন্য ঐ মার্ক/সাদৃশ্যপূর্ন মার্ক ব্যবহার করতে পারে না। ট্রেডমার্ক আইন-২০০৯ এর আওতায় বাংলাদেশে প্রথমে ০৭ (সাত) বছরের জন্য ট্রেডমার্ক রেজিস্ট্রেশন দেয়া হয়। পরবর্তীতে ১০ বছর করে অনির্দিষ্ট কাল পর্যন্ত ট্রেডমার্ক রেজিস্ট্রেশন নবায়ন করা যায়। কোন অনিবন্ধিত ট্রেডমার্ককে/সার্ভিস মার্ককে নিবন্ধিত হিসেবে ব্যবহার করা বা প্রদর্শন করা ট্রেডমার্ক আইন ২০০৯ এর বিধান অনুযায়ী দন্ডনীয় অপরাধ। কোন প্রতিষ্ঠানের ট্রেডমার্ক/সার্ভিস মার্ক নকল করে ব্যবসা করা বা ব্যবসার চেষ্টা করাও দন্ডনীয় অপরাধ ।

(গ) ডব্লিউটিও ও আন্তর্জাতিক উইং: এই ইউনিট World Trade Organization (WTO) সহ বিভিন্ন আন্তজাতিক প্রতিষ্ঠানের সাথে অধিদপ্তরের কর্মের সমন্বয় করে থাকে।

(ঘ) জি আই ইউনিট ঃ ইতোমধ্যে এ অধিদপ্তরে G.I Unit (Geographical Indication Unit) স্থাপন করা হয়েছে। এ ইউনিট দেশীয় ও আন্তর্জাতিক বাজারে ভৌগলিক নির্দেশক পণ্যের সুরক্ষা প্রদানের কার্যক্রম পরিচালনা করে থাকে।

(ঙ) আইটি ইউনিট: এ অধিদপ্তরকে পূর্ণ অটোমেশনের আওতায় আনার জন্য ৮ সদস্যের IT Unit স্থাপন করা হয়েছে। এ ইউনিটটি Industrial Property Automation System (IPAS) Software-এর মাধ্যমে পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্ক আবেদনসমূহ পরীক্ষা করে। আবার IPAS Software -এর মাধ্যমে জার্নাল, সার্টিফিকেট, নোটিস তৈরী করা হয়। এক কথায় ডিপিডিটি-এর পূর্ণাঙ্গ অটোমেশন-এর কাজ নিবিড়ভাবে তদারকি করা হচ্ছে এবং পেপারলেস অফিস করার লক্ষ্যে আইটি ইউনিট সচেষ্ট রয়েছে।

৩. অটোমেশন: ডিপিডিটির অটোমেশন কার্যক্রমের অংশ হিসেবে WIPO কর্তৃক ইতোমধ্যে IPAS Software স্থাপন করা হয়েছে। DPDT এবং IFC (International Finance Corporation) এর মধ্যে সম্পাদিত Cooperation Agreement এর আওতায় পুরাতন ফাইলসমূহের ডাটা ক্যাপচারিং এর কাজ মে, ২০১২ তে শুরু হয় এবং ফেব্রুয়ারি, ২০১৪ এর প্রথম দিকে শেষ হয়। বিগত ২৩/০২/২০১৪ তারিখে মাননীয় শিল্প মন্ত্রী জনাব আমির হোসেন আমু এমপি কর্তৃক উক্ত কাজের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। এর ফলে পুরাতন ম্যানুয়াল পদ্ধতির পরিবর্তে প্রাপ্ত আবেদন পরীক্ষাকরণসহ অন্যান্য কার্যাবলী অটোমেটেড পদ্ধতিতে সম্পাদন অধিকতর দ্রুত এবং সহজ হয়েছে।

৪. আইন সংক্রান্ত কার্যক্রম: ট্রেডমার্ক আইন, ২০০৯: ইংরেজী ভাষায় প্রণীত পূর্বতন The Trademarks Act, ১৯৪০ রহিত করে বাংলা ভাষায় প্রণীত ট্রেডমার্ক আইন, ২০০৯ বাংলাদেশ জাতীয় সংসদে পাশ হওয়ার পর ২৪ মার্চ, ২০০৯ তারিখের গেজেটে তা প্রকাশ করা হয়েছে। পরবর্তীতে ২০০৯ সালে প্রণীত আইনটির অধিকতর সংশোধনী মন্ত্রিপরিষদে নীতিগত অনুমোদন পেয়েছে যা বর্তমানে মহান জাতীয় সংসদে অনুমোদনের অপেক্ষায় রয়েছে।

খসড়া ট্রেডমার্ক বিধিমালা: পূর্বের The Trademarks Rules, 1963 এর স্থলে বাংলা ভাষায় প্রণীত খসড়া "ট্রেডমার্ক বিধিমালা" এর উপর আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মতামত পাওয়া গেছে। উক্ত মতামতের আলোকে ট্রেডমার্ক বিধিমালা পুনর্গঠনের কাজ শেষ করা হয়েছে এবং তা চূড়ান্তকরণের জন্য শিল্প মন্ত্রণালয়ে মাধ্যমে আইন মন্ত্রণালয়ে প্রেরণ করা হলে, বিধিমালাটি আইন মন্ত্রণালয়ের চূড়ান্ত ভেটিং শেষে মন্ত্রিপরিষদে প্রেরণের বিষয়টি প্রক্রিয়াধীন আছে।

খসড়া পেটেন্ট আইন: পূর্বের The Patents and Designs Act, 1911 কে দুইভাগ করে বাংলা ভায়ায় প্রণীত "বাংলাদেশ পেটেন্ট আইন, ২০১৩" এর খসড়া চূড়ান্তকরণের লক্ষ্যে গত ১৬-৯-২০১২ খ্রিঃ তারিখের আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠানের মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মতামত চাওয়া হয়। তাছাড়া খসড়া আইনটির উপর সর্বসাধারণের মতামত চেয়ে Patents Act, 2013 শিল্প মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রদর্শন করা হয়েছে। খসড়া আইনটির উপর WIPO এর মতামত পূর্বেই পাওয়া গিয়েছে। অর্থ, বাণিজ্য, বস্ত্র ও পাট, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং কপিরাইট অফিস হতে ইতোপূর্বে যে সকল মতামত পাওয়া গিয়েছে তা খসড়া বাংলাদেশ পেটেন্ট আইন, ২০১৩ তে সমন্বয় করা হয়েছে। অন্যান্য মন্ত্রণালয় হতে মতামত পাওয়ার জন্য

অপেক্ষা করা হচ্ছে। পাশাপাশি বিদ্যমান The Patents and Designs Act, 1911 এর সাথে খসড়া "বাংলাদেশ পেটেন্ট আইন" এর তুলনামূলক বিবরণী মেট্রিক্স আকারে তৈরী করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

খসড়া ডিজাইন আইন: পূর্বের The Patents and Designs Act, 1911 কে দুইভাগ করে বাংলা ভাষায় প্রণীত খসড়া "ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন আইন, ২০১৩" এর উপর WIPO এর মতামত গ্রহণ করা হয়েছে। মূল আইন The Patents and Designs Act, 1911 এর সাথে খসড়া "বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন এ্যাক্ট" এর তুলনামূলক বিবরণী মেট্রিক্স আকারে প্রেরণের জন্য শিল্প মন্ত্রণালয়ের নির্দেশনার প্রেক্ষিতে মেট্রিক্স আকারে তৈরী করে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। শিল্প মন্ত্রণালয়ের একজন যুগ্ম সচিবের নেতৃত্বে ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন আইন ২০১৪ এর খসড়া চূড়ান্তকরণের কার্যক্রম চলছে।

Geographical Indication (GI) Act, 2013: ভৌগোলিক নির্দেশক পণ্য (নিবন্ধন ও সুরক্ষা) আইন ২০১৩ পাশ হয়েছে এবং ১০ই নভেম্বর, ২০১৩ (২৬ কার্তিক ১৪২০) বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে। বর্তমানে বিধি প্রণয়নের কাজ অব্যাহত রয়েছে। ভৌগোলিক নির্দেশক পণ্য (নিবন্ধন ও সুরক্ষা) আইন-২০১৩ ইতোমধ্যে প্রণীত হয়েছে। সংশ্লিষ্ট খসড়া বিধিমালাটি আইন মন্ত্রণালয়ে চূড়ান্ত ভেটিংয়ের পর্যায়ে আছে।

৫. সেমিনার: ডিপিডিটির আয়োজনে এবং WIPO এর সহযোগিতায় গত ১৩-১৫ অক্টোবর তারিখে Bangladesh Institute of Administration and Management (BIAM) এর সভাকক্ষে General Awarness Building on Intellectual Property Rights (IPRs) and Its Role in Economic Development শীর্ষক তিন দিনব্যাপী এক সেমিনার অনুষ্ঠিত হয়। উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় বাণিজ্য মন্ত্রী জনাব তোফায়েল আহমেদ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ্, সচিব, শিল্প মন্ত্রণালয়। উক্ত অনুষ্ঠানে আলোচকবৃন্দ বিভিন্ন প্রস্তাব ও সুপারিশ তুলে ধরেন। তাঁরা সাধারণ গবেষকদের সরকারীভাবে আর্থিক সহযোগিতার প্রয়োজনীয়তা, প্রাতিষ্ঠানিক গবেষকদের বিভিন্ন ইনসেনটিভ বৃদ্ধি, উন্নয়ন ও গবেষণা প্রতিষ্ঠানের জন্য বরাদ্দ বৃদ্ধি এবং বিশ্ববিদ্যালয় ও স্বতন্ত্র গবেষণা প্রতিষ্ঠানের মধ্যে লিংকেজ তৈরির উপর গুরুত্বারোপ করেন।

৬. বিশ্ব মেধাসম্পদ দিবস উদযাপন (World Intellectual Property Day): বিশ্বের ১৮৬ টি দেশের ন্যায় বাংলাদেশেও গত ২৬ এপ্রিল ২০১৪ মেধাসম্পদ দিবস নানাবিধ কর্মসূচির মাধ্যমে উদ্‌যাপিত হয়েছে। বিশ্বব্যাপী মেধাসম্পদ সৃষ্টি, লালন, সুরক্ষা ও তার ব্যবহারকে উৎসাহ দেবার লক্ষ্যে World Intellectual Property Organization (WIPO) এর ১৮৬টি সদস্যে দেশের সাথে বাংলাদেশও ২০০১ সাল হতে প্রতি বৎসর মেধাসম্পদ দিবস পালিত হয়ে আসছে। এ অধিদপ্তর কর্তৃক গত ২৬ এপ্রিল ২০১৪ খ্রিঃ বিশ্ব মেধাসম্পদ দিবস (World Intellectual Property Day) বিভিন্ন কর্মসূচির মাধ্যমে উদ্‌যাপন করা হয়। এ উপলক্ষে আয়োজিত Movies- A Global Passion শীর্ষক এক সেমিনারে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী জনাব আমির হোসেন আমু প্রধান অতিথি এবং মাননীয় সংস্কৃতি বিষয়ক মন্ত্রী জনাব আসাদুজ্জামান নূর বিশেষ অতিথির আসন অলংকৃত করেন।

পেটেন্টস, ডিজাইনস ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডিটি)-এর ভিশন হচ্ছে ২০২১ সালের মধ্যে অধিদপ্তরকে বিশ্বমানের মেধাসম্পদের অফিসে রূপান্তর করা। এ লক্ষ্যে অধিদপ্তরটি বিভিন্ন কার্যক্রম গ্রহণ করছে। এ অধিদপ্তরের ওয়েবসাইটে মেধাসম্পদ সংক্রান্ত বিভিন্ন আইন ও বিধি এবং এ অধিদপ্তরের ব্যবহার্য বিভিন্ন ধরনের ফরম এবং আবেদনের পদ্ধতি আপলোড করা হয়েছে। অধিদপ্তরের সেবা গ্রহীতাদের সুবিধার্থে Help Desk স্থাপন করা হয়েছে। এছাড়াও অধিদপ্তরের কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে আংশিকভাবে অটোমেশন কার্যক্রম চালু করা হয়েছে। ভবিষ্যতে পূর্ণাঙ্গ অটোমেশন কার্যক্রম চালু পরিকল্পনা রয়েছে। এ সকল পদক্ষেপ বাস্তবায়িত হলে ২০২১ সালের মধ্যে অধিদপ্তরটি একটি বিশ্বমানের মেধাসম্পদ অফিসে পরিণত হবে বলে আশা করা যায়।

ফটো গ্যালারি

বিশ্ব মেধাসম্পদ দিবস-২০১৪, উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত **জনাব আমির হোসেন আমু** এমপি, মাননীয় মন্ত্রী শিল্প মন্ত্রণালয়; **জনাব আসাদুজ্জামান নূর** এমপি, মাননীয় মন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়; **জনাব কাজী আকরাম উদ্দিন আহমেদ** প্রেসিডেন্ট, এফবিসিসিআই; **জনাব মোহাম্মদ মইনউদ্দীন আবদুল্লাহ,** তদানীন্তন শিল্প সচিব সহ অন্যান্য কর্মকর্তাগণ

IPR বিষয়ক জাতীয় সেমিনারে বক্তব্য রাখছেন **জনাব মোহাম্মদ মইনউদ্দীন আবদুল্লাহ,** তদানীন্তন শিল্প সচিব; সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত **জনাব মোঃ তোফায়েল আহমেদ** এমপি, মাননীয় মন্ত্রী বাণিজ্য মন্ত্রণালয়

IPR বিষয়ক জাতীয় সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত জনাব মোঃ তোফায়েল আহমেদ এমপি, মাননীয় মন্ত্রী বাণিজ্য মন্ত্রণালয়; জনাব মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ, তদানীন্তন শিল্প সচিব; জনাব মোঃ সানোয়ার হোসেন, রেজিস্ট্রার ডিপিডিটি সহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ

দক্ষিণ কোরিয়ার প্রতিনিধি দলের সাথে IP বিষয়ক MOU স্বাক্ষর করছেন জনাব মোঃ সানোয়ার হোসেন, রেজিস্ট্রার ডিপিডিটি

TISC-এর আনুষ্ঠানিক উদ্বোধন উপলক্ষে শিল্প সচিব **জনাব মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া** এনডিসি-এঁর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত (ডান থেকে) **জনাব মোঃ দানিয়ুল ইসলাম** (WIPO প্রতিনিধি); **জনাব জামাল আব্দুল নাসের চৌধুরী**, অতিরিক্ত সচিব, শিল্প মন্ত্রণালয়; **জনাব মোঃ সানোয়ার হোসেন**, রেজিস্ট্রার ডিপিডিটি

WIPO-এর সাথে TISC বিষয়ক চুক্তি স্বাক্ষর করছেন **জনাব মোঃ সানোয়ার হোসেন** রেজিস্ট্রার, ডিপিডিটি ও WIPO প্রতিনিধি আরো উপস্থিত রয়েছেন (ডান হতে) **জনাব মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া** এনডিসি, সচিব শিল্প মন্ত্রণালয়, **ফ্রান্সিস গ্যারী** ডিজি WIPO ও **জনাব আমির হোসেন আমু**, এমপি, মাননীয় মন্ত্রী শিল্প মন্ত্রণালয় ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ

দক্ষিন কোরিয়ার সাথে IP বিষয়ক MOU স্বাক্ষর শেষে ডকুমেন্ট বিনিময় করছেন ডিপিডিটি-এর রেজিস্ট্রার জনাব মোঃ সালোয়ার হোসেন

TISC-এর আনুষ্ঠানিক উদ্বোধন কালে ডিপিডিটি-এর কর্মকর্তাগণের সাথে শিল্প সচিব জনাব মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া এনডিসি